

সময়ের আলো

ঢাকা ● শনিবার ● ৮ ফেব্রুয়ারি ২০২০ ● ২৫ মাঘ ১৪২৬



ইউআইইউ'র ষষ্ঠ সমাবর্তন

শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেছেন, জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণ ও ডিজিটাল বাংলাদেশ গড়তে বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোকে অধিকতর কার্যকর ভূমিকা পালন করতে হবে। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) ৬ষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের মাদানি অ্যাভিনিউস্থ ক্যাম্পাসে সভাপতির বক্তৃতায় তিনি এ কথা বলেন। এ সময় শিক্ষামন্ত্রী শিক্ষার্থীদের চাকরি নামক সোনার হরিণের পেছনে না ছুটে উদ্যোক্তা হাওয়ার পরামর্শ দেন। বিশ্ববিদ্যালয়ের আচার্য ও রাষ্ট্রপতি মো. আবদুল হামিদে পক্ষে তার প্রতিনিধি হিসেবে শিক্ষামন্ত্রী সমাবর্তন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. গওহর রিজভী। সমাবর্তন অনুষ্ঠানে ২ হাজার ৩৫২ জন শিক্ষার্থীকে গ্র্যাজুয়েশন ও পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রি এবং কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য চারজন শিক্ষার্থীকে স্বর্ণপদক প্রদান করা হয়। সমাবর্তন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান হাসান মাহমুদ রাজা। সমাবর্তন বক্তা হিসেবে অধ্যাপক ড. গওহর রিজভী শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, এই অর্জিত জ্ঞান শুধু সার্টিফিকেট লাভের উদ্দেশ্যে সীমাবদ্ধ না রেখে দেশ এবং জাতির সেবায় আনিয়োগ করতে হবে। বিজ্ঞপ্তি।